

B.N.M.V.
le 6/2022 Copy
15.2.23
Morning 8th hall

AH-III/Bengali-CC-VI/22

B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VI

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

- (ক) মৌখিক ধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- (খ) বাক্যবিধি বলতে কী বোঝো? যৌগিক বাক্যের একটি দৃষ্টান্ত দাও।
- (গ) অযোগবাহ বর্ণ কাকে বলে?
- (ঘ) বিষমীভবন প্রক্রিয়াটি বুঝিয়ে লেখো।
- (ঙ) অর্থসংক্রম কাকে বলে উদাহরণসহ লেখো।
- (চ) 'আয়েস না করলে খরচ কম হবে,
আলমারিতে দু'চার পাউণ্ড জমবে।'—
রেখাঙ্কিত শব্দগুলি কোন কোন ভাষা থেকে আগত তা জানাও।
- (ছ) অনুদিত ঋণশব্দ এবং কৃতঋণ শব্দের মধ্যে পার্থক্য কোথায় তা লেখো।
- (জ) দ্বিভাষিক রীতি কাকে বলে?
- (ঝ) বাংলা ভাষায় স্বরাগম কতপ্রকার ও কী কী?
- (ঞ) বাংলা ভাষায় 'শ' এবং 'ষ' বর্ণ দুটির উচ্চারণগত পার্থক্য লেখো।
- (ট) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।
- (ঠ) বাংলা ভাষায় প্রচলিত রয়েছে এমন দুটি বর্ণচোরা শব্দের দৃষ্টান্ত দাও।
- (ড) স্বতোনাসিকীভবনের প্রাধান্য রয়েছে বাংলা ভাষার কোন উপভাষায়? লোক > লক উচ্চারিত হয় কোন উপভাষায়?
- (ঢ) মানুষের মনোগত সংস্কারের কারণে শব্দার্থ পরিবর্তন ঘটে, দুটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।
- (ণ) দুটি মিশ্র শব্দের উদাহরণ দাও।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

(ক) বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) আধুনিক যুগের বাংলা ভাষার পাঁচটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(গ) স্বরসংগতি কাকে বলে? স্বরসংগতির প্রকারভেদে দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঘ) শুদ্ধ বাক্যের তিনটি সূত্র উপযুক্ত দৃষ্টান্তসহ লেখো।

(ঙ) ভাষা ও উপভাষার সম্পর্ক আলোচনা করো।

(চ) বাংলা স্বরধ্বনিগুলির উচ্চারণকালে মুখবিবরে জিভের অবস্থান এবং ওষ্ঠ-অধরের আকৃতি অনুসারে তাদের শ্রেণিবিন্যাস করো।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১০×২=২০

(ক) বঙ্গালী উপভাষার সাধারণ লক্ষণগুলি উপযুক্ত উদাহরণসহ লেখো।

(খ) কোন কোন কারণে শব্দার্থের পরিবর্তন ঘটে, তা উদাহরণসহ আলোচনা করো।

(গ) বাংলা ভাষায় স্বরধ্বনি বিলোপ এবং ব্যঞ্জনধ্বনি বিলোপ কীভাবে ঘটে তা দৃষ্টান্তসহ লেখো।

(ঘ) প্রাচীন বাংলা ভাষার লক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করো।